

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২৯১

তারিখঃ ১০/০৯/২০১৬  
সময়ঃ বিকাল ৫.০০ মিনিট।

**বিষয়ঃ অগ্নিকান্ড সংক্রান্ত প্রতিবেদন।**

**অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কমিশনের ডিউটি অফিসার জানান, আজ সকাল ৬.১০ মিনিটে গাজীপুরের টুংগীর বিসিক নগরীতে বয়লার বিস্ফোরণে টাম্পাকো প্যাকেজিং কারখানায় অগ্নিকান্ডের সূত্রপাত হয় এবং ৪ তলা ভবন ধসে পড়ে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২৩ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। অগ্নিকান্ডে এ পর্যন্ত ২৬ জনের মৃত্যু হয়েছে বলে জানা যায়। গুরুতর আহতদেরকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। ক্ষয়ক্ষতি নিরূপণের জন্য ৫ সদস্যের তদন্ত টিম গঠন করা হয়েছে। ক্ষতিগ্রস্তদের মধ্যে সাহায্যের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ৫,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/-টাকা করে সাহায্য প্রদান করা হয়েছে।

**বিঃদ্রঃ** দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/**email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

**টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০**  
**EMAIL: [ndrcc.dmr@gmail.com](mailto:ndrcc.dmr@gmail.com)**

স্বাক্ষরিত/  
(মোঃ দলিল উদ্দিন)  
ভারপ্রাপ্ত কর্মকর্তা (এনডিআরসিসি)  
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (দুব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

